



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে বিতর্ক প্রতিযোগিতা 'এনএসইউ ডায়ালগ-২০২৪'-এর বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। ছবি: কালের কণ্ঠ

এনএসইউ ডায়ালগ-২০২৪

বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক >

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী ব্রিটিশ পার্লামেন্টারি (বিপি) বিতর্ক প্রতিযোগিতা এনএসইউ ডায়ালগ-২০২৪ অনুষ্ঠিত হয়েছে। চূড়ান্ত প্রতিযোগিতায় জয়লাভ করে এনএসইউ ব্লু দল। দলটির সদ্যরা হলেন আদিব ফয়সাল ও সিয়াম মারজান। পরে আনুষ্ঠানিকভাবে বিজয়ী দল ও রানার্স আপ দলকে পুরস্কৃত করে আয়োজক কর্তৃপক্ষ। এই বিতর্ক প্রতিযোগিতায় মিডিয়া পার্টনার ছিল কালের কণ্ঠ।

গত ১৮ অক্টোবর থেকে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে জমকালো আয়োজনে শুরু হয় এই বিতর্ক প্রতিযোগিতা। চারটি ভিন্ন দলের (বিপি) ফরম্যাটে বাংলাদেশের সেরা ৩৬টি দল এতে অংশ নেয়। প্রতিযোগীরা বিশ্লেষণধর্মী চিন্তাশক্তি এবং কথার মধ্যে চিন্তাশক্তির পরিস্ফুটনে তাঁদের দক্ষতা প্রদর্শন করেন। যেখানে সামাজিক,

রাজনৈতিক এবং অর্থনৈতিক বিভিন্ন বিষয় নিয়ে বিতর্ক হয়। প্রতিটি বিতর্কে সুচিন্তিত যুক্তি ও যুক্তি খণ্ডনের মাধ্যমে প্রতিযোগীরা তাঁদের শ্রেষ্ঠত্ব প্রমাণের চেষ্টা এবং বিচারকসহ দর্শকদের মুগ্ধ করেছেন।

গত ১৯ অক্টোবর চারটি দলের মধ্যে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিচারকদের পর্যালোচনায় এনএসইউ ব্লু দলকে জয়ী ঘোষণা করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কথা বলেছেন ক্লাবের ফ্যাকাল্টি অ্যাডভাইজার ওমার নাসিফ আব্দুল্লাহ। তিনি বলেছেন, প্রতিযোগিতাটি আবারও প্রমাণ করল যে এটি বাংলাদেশে বিতর্ক চর্চার অন্যতম প্রধান প্ল্যাটফর্ম। এর মধ্য দিয়ে জাতির যুবসমাজের মধ্যে নেতৃত্ব, সমালোচনামূলক চিন্তাশক্তি এবং বুদ্ধিবৃত্তিক সম্পৃক্ততা তৈরি করবে।